# তৈরি পোশাক খাতের সমস্যার সমাধানে সরকার কাজ করছে: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দেশের তৈরি পোশাক শিল্পের বিভিন্ন সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার আন্তরিকভাবে কাজ করছে বলে জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (১৭ জুলাই) রাজধানীর খিলক্ষেতে বাংলাদেশ অ্যাপারেল জেনারেল ম্যানেজার্স অ্যাসোসিয়েশনের বার্ষিক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, দেশের অর্থনীতি বর্তমানে নানা চ্যালেঞ্জের মুখোমুখি। বিশেষ করে অতীতের আর্থিক অনিয়ম ও অর্থপাচারের প্রভাব এখনো অর্থনীতির বিভিন্ন খাতে অনুভূত হচ্ছে। তবে এসব চ্যালেঞ্জ মোকাবিলা করে অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার উদ্যোগ নিয়েছে বর্তমান সরকার।

তিনি জানান, সাম্প্রতিক বাজেটে অর্থনীতি ও শিল্পখাতকে গতিশীল করতে কয়েকটি নতুন উদ্যোগ ও পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে, যা ভবিষ্যতে ইতিবাচক প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে।

দেশের সার্বিক উন্নয়ন ও স্থিতিশীলতার জন্য জাতীয় ঐক্যের ওপর গুরুত্বারোপ করে স্থানীয় সরকারমন্ত্রী বলেন, সংকট ও চ্যালেঞ্জ মোকাবিলায় সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। পাশাপাশি নতুন বাংলাদেশ গড়ার যে সুযোগ সৃষ্টি হয়েছে, তা কাজে লাগানোরও আহ্বান জানান তিনি।